# সংসদের শোক প্রস্তাবে হাদি, আবরার ও ফেলানির নাম প্রস্তাব নাহিদ ইসলামের



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে উপস্থাপিত শোক প্রস্তাবে তিন শহীদের নাম অন্তর্ভুক্ত করার প্রস্তাব দেন বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

বৃহস্পতিবার (১২ মার্চ) জাতীয় সংসদে বক্তব্য দিতে গিয়ে তিনি এ প্রস্তাব উত্থাপন করেন।

তার প্রস্তাবিত তালিকায় রয়েছেন আধিপত্যবাদবিরোধী আন্দোলনের নেতা ও জুলাই আন্দোলনের যোদ্ধা শহীদ শরিফ ওসমান হাদি, আবরার ফাহাদ এবং সীমান্তে নিহত ফেলানি খাতুন।

শরিফ ওসমান বিন হাদি গুলিবিদ্ধ হওয়ার পর ২০২৫ সালের ১৮ ডিসেম্বর মৃত্যুবরণ করেন। বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ ২০১৯ সালের ৭ অক্টোবর ছাত্রলীগের নির্যাতনের শিকার হয়ে প্রাণ হারান। আর ২০১১ সালের ৭ জানুয়ারি বাংলাদেশ–ভারত সীমান্তের কাঁটাতারে ঝুলন্ত অবস্থায় ফেলানি খাতুনের মরদেহ উদ্ধার করা হয়।

LENS ASIA